

জনসাধারণকে ভারতীয় রিজার্ভ ব্যাংক অনুরোধ করছে কেবল বিনা স্টেপল করা নোট গ্রহণ করতে

৫ই জুন, ২০০৩

৫ই জুন, ২০০৩-এর প্রকাশিত সংবাদপত্রের কিছু কিছু অংশে খবর বার করা হয়েছে শুধুমাত্র বিনা স্টেপল করা নোট নগদে গ্রহণ ও প্রদান সম্বন্ধীয় ভারতের রিজার্ভ ব্যাংক-এর ৭ই নভেম্বর, ২০০১ সালের নির্দেশ কার্যকরী না হওয়ার কিছু অসুবিধা ও সমস্যা এবং আপাতদৃষ্টিতে ন্যায়সঙ্গত কারণ বিশ্লেষণ করে।

যেহেতু সংবাদটি সত্য নয় এবং পরিহারযোগ্য বিভ্রান্তি মিটাবার জন্য রিজার্ভ ব্যাংক ঘোষণা করেছে যে এই নির্দেশ ও কার্যকরী পথপ্রদর্শন তারা প্রকাশ করেন নভেম্বর ২০০১ সালে। এই নির্দেশে, অন্যান্য বিষয় ছাড়াও, ব্যাংকগুলিকে জানানো হয়েছিল যে তারা যেন নোট গোণার মেশিন ও নোট ব্যান্ড করার মেশিন কেনার বন্দোবস্ত করে। অতএব, রিজার্ভ ব্যাংক সমস্ত ব্যাংকগুলিকে যথেষ্ট সময় দেয় প্রয়োজনীয় সংহতি ও পদ্ধতিগুলি প্রস্তুত করার জন্য। নোট ব্যান্ডিং মেশিন নোটের প্যাকেটগুলিকে সুদৃঢ় ও নিরাপদ ভাবে লম্বালম্বি ও আড়াআড়ি ভাবে বাঁধে এবং একটি নোটও প্যাকেট থেকে বের করা অসম্ভব হয়ে পড়ে। প্রসঙ্গক্রমে, এবং গুরুত্বপূর্ণভাবে, রিজার্ভ ব্যাংকের সঙ্গে লেনদেন করেন এমন সমস্ত সংস্থা, যেমন, রেলওয়ে, ডাক বিভাগ, শুল্ক বিভাগ, আঞ্চলিক পাসপোর্ট অফিস এবং রাজ্য সরকারের বিভাগগুলি যেমন দুগ্ধ কমিশনার-এর অফিস, রেজিস্ট্রার অফ এশিওরেন্স, কোলকাতা কালেকটরেট, ইতিমধ্যেই প্রয়োজন মেনে কেবল বিনা স্টেপল করা অবস্থাতেই নোট নিচ্ছেন।

এ ছাড়া, এই যুক্তির মধ্যেও কোন সত্যতা নেই যে রিজার্ভ ব্যাংকের কোলকাতার অফিস নিজেরাই বিনা স্টেপল করা নোট সম্বন্ধীয় নির্দেশ মানে না। সমস্ত বিজার্ভ ব্যাংকগুলি জুড়ে নগদ লেনদেন নিশ্চিতভাবে কেবল বিনা স্টেপল করা নোটের মাধ্যমেই হচ্ছে। এমনকি পুরানো কিন্তু পুনঃ-প্রদানযোগ্য নোটগুলিও রিজার্ভ ব্যাংকের কাউন্টার থেকে বিনা স্টেপল করা এবং লম্বালম্বি ও আড়াআড়ি ভাবে বাঁধা অবস্থায় দেওয়া হচ্ছে। এটি খুবই গুরুত্বপূর্ণ পদক্ষেপ, যাতে অন্য ব্যাংকগুলি এবং পাবলিক সেক্টর আন্ডারটেকিংগুলি এই পদক্ষেপ সরকারী দফতর ও জনসাধারণের সাথে লেনদেনের সময় সম্পূর্ণভাবে গ্রহণ করে। এই বিষয়ে কোনও দ্বিমত অপ্রয়োজনীয় এবং বিবেচনাধীন হবে না।

এ ছাড়া লক্ষ্য করা উচিত যে নোট স্টেপল না করার সিদ্ধান্ত ১৯৯৫ সালে যৌথভাবে ভারত সরকার ও ভারতীয় রিজার্ভ ব্যাংকগ্রহণ করে এবং সেটা কর্যকরী করা শুরু হয়েছে ধীরে ধীরে ১৯৯৬ সাল থেকে। এই পরিপেক্ষিতে, কিছু সরকারী বিভাগ রাজ্য সরকারকে অনুরোধ করেছেন কেবল স্টেপল করা অবস্থায় নোট দিতে – এই যুক্তি ন্যায্য নয়। ব্যাংকগুলির চেয়ারম্যানেরা, পরিষ্কার নোট বিলি করা ও ভারতীয় রিজার্ভ ব্যাংকনির্দেশ মানায়, বিভিন্ন মিটিং-এ, ভারতীয় রিজার্ভ ব্যাংক-কে তাদের সম্পূর্ণ সহযোগিতার আশ্বাস দিয়েছেন। সেইরূপ, বিভিন্ন বিভাগ থেকে ভারতীয় রিজার্ভ ব্যাংক-এর প্রয়োজনীয়তা মেনে চলার প্রতিশ্রুতি সুনিশ্চিত করা এখন নির্ভর করছে এস.বি.আই. ও অন্যান্য ব্যাংকগুলির উপর।

ভারতীয় রিজার্ভ ব্যাংকজনসাধারণকে আরও প্রতিশ্রুতি দিচ্ছে যে গত কয়েক মাসের আধুনিকীকরণে যথেষ্ট পরিমানে নতুন ও পুনঃ-প্রদানযোগ্য নোট ও কয়েন সারা ভারতবর্ষে প্রাপ্তিযোগ্য করা হয়েছে এবং প্রায় ২০ বিলিয়ান নষ্ট হয়ে যাওয়া নোট বাজার থেকে সরিয়ে ফেলা হয়েছে। সরবরাহ অবিচ্ছিন্ন রাখতে ভারতীয় রিজার্ভ ব্যাংকক্রমাগত কারেন্সি চেস্ট বহনকারী ব্যাংকগুলির সাথে যোগাযোগ রাখছেন।

কিছু সরকারী ও প্রাইভেট আন্ডারটেকিং, যেমন ডাবলিউ.বি.এস.ই.বি., সি.ই.এস.সি., বি.এস.এন.এল. ইত্যাদি এখনও স্টেপল করা নোট ব্যাংকে জমা করছেন – এই ধারণাও ঠিক নয়, কারণ ব্যাংক কেবল বিনা স্টেপল করা অবস্থাতেই নোট গ্রহণ আশা করে। সরকারী বিভাগ ও সি.ই.এস.সি.-র মত অন্যান্য প্রতিষ্ঠানগুলির প্রয়োজন সাধারণ ব্যান্ডিং (লম্বালম্বি ও আড়াআড়ি ভাবে) অথবা সীল করা পলিথিন পাউচ ব্যবহার করার জন্য নগদ বিভাগকে আধুনিক করে তোলা। জনসাধারণকে এই ব্যাপারে শিক্ষিত করে তুলতে হবে যে স্টেপল করলে নোট খারাপ হয়ে যায় ও তাড়াতাড়ি নষ্ট হয়ে যায়, এবং সেগুলি তৈরী করতে কাগজ আমদানি করতে হয় যার জন্য প্রচুর পরিমাণে বিদেশী মুদ্রা ব্যয় হয়। বিনা স্টেপল করা নোট বিশেষ সীল করা পলিথিন পাউচে ভরে বিলি করার বিকল্প ব্যাংকগুলির আছে, এবং এই পদ্ধতি তাদের দ্রুত বাড়ানো প্রয়োজন।

ভারতীয় রিজার্ভ ব্যাংক-এর পরিষ্কার নোট পরিকল্পনা জনসাধারণের উপকারকল্পেই। ভারতীয় রিজার্ভ ব্যাংকদ্রত কারেন্সি প্রসেসিং সি.ভি.পি.এস. ব্যবস্থা চালু করেছেন যাতে নোট গ্রহণ ও প্রদান বিনা স্টেপল করা অবস্থাতে হয়। যেটা দরকার সেটা হচ্ছে সব স্তরে সহযোগিতা ও চিন্তাধারার পরিবর্তন।

অজিত প্রসাদ
ম্যানেজার

প্রেস বিজ্ঞপ্তি : 2002-2003/1246